



১৭ জুলাই, ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

সহিংসতা নয়, সংকটের যৌক্তিক সমাধান আলোচনার মাধ্যমে ঘটবে

-উপাচার্য প্রফেসর ড. মশিউর রহমান

সহিংসতা নয়, আলোচনার মধ্য দিয়ে সংকটের যৌক্তিক সমাধান হবে বলে মনে করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. মশিউর রহমান। তিনি বলেন, আমি বিশ্বাস করি যে কোনো সংকটের সমাধান হবে। আর সেই সমাধানের পথ হচ্ছে আলোচনা, সহিংসতা নয়। সচেতন শিক্ষার্থীরা মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের আদর্শ এবং মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধাশীল থেকেই স্ব স্ব দাবি বা অধিকার আদায়ে সোচ্চার থাকতে পারে। তবে কোনো মতেই আমরা যেন রাষ্ট্র দর্শনের মৌলিক বিষয় মুক্তিযুদ্ধকে অবমাননা না করি। সে বিষয়ে সকলে সম্মিলিতভাবে তাঁদের মর্যাদা সমুন্নত রাখব।

আজ বুধবার ১৭ জুলাই ২০২৪ তারিখ জাতীয় জাদুঘরের সামনে প্রজন্ম চতুর শাহবাগে কোটা আন্দোলনে মুক্তিযুদ্ধবিরোধী কর্মকাণ্ডের প্রতিবাদে মুক্তিযোদ্ধা-ছাত্র-জনতার সমাবেশে সম্মানিত অতিথির বক্তব্যে এসব কথা বলেন উপাচার্য ড. মশিউর রহমান।

শিক্ষার্থী ও অভিভাবকদের উদ্দেশ্যে উপাচার্য ড. মশিউর রহমান বলেন, আমাদের দুঃখ হয়, বেদনা পাই, ক্ষুব্ধ হই যখন আমার তরুণ শিক্ষার্থী রাজপথে ভুল প্লোগানে নিজেকে সম্পৃক্ত করে। আত্মপরিচয়ে রাজাকার পরিচয়কে সংযুক্ত করে। তার মধ্য দিয়ে যারা এর অভিভাবকত্ব করেন তারা এই রাষ্ট্রের বিরুদ্ধে দাড়াচ্ছেন। এই কোমলমতি শিক্ষার্থীদের আত্মপরিচয়ের সঙ্গে রাজাকার শব্দ জুড়ে দিয়ে মুক্তিযোদ্ধাদের অবমাননা করার এই ধৃষ্টতার রাজনৈতিক পরিচয় থেকে সরে দাঁড়ান। অন্যথায় বাংলাদেশকে সংঘাতের দিকে ঠেলে দেবেন, সেটি অনাকাঙ্ক্ষিত। আমরা এই সংঘাতের চরিত্রগুলো জানি। শেখ হাসিনার জনপ্রিয়তার সামনে গণতান্ত্রিক মানুষের চেতনা আর সেই কবিতা আবৃত্তি, নির্মলেন্দু গুণের দাঁড়িয়ে থাকা, আর কৃষক-শ্রমিকের প্রতিবাদের সামনে সেদিন সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারকে আত্মসমর্পণ করতে হয়েছিল। যেমন আত্মসমর্পণ করতে হয়েছিল পাকিস্তানি বাহিনীকে।

সমাবেশে উপস্থিত ছিলেন বিচারপতি শামসুদ্দিন চৌধুরী মানিক, যুবলীগের সাধারণ সম্পাদক মাইনুল হোসান খান নিখিল, সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবু, বিবার্তার সম্পাদক বানী ইয়াসমিন হাসি, জাগরণ টিভির প্রধান সম্পাদক এফ এম শাহীন প্রমুখ।

বার্তা প্রেরক

(মো. আতাউর রহমান)

পরিচালক

জনসংযোগ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়